

তারিখ... 17 MAY 2005
 ১২.৫০০০ ৭

ভোয়ের কাগজ

এইচএসসি আলিম ও বিএম পরীক্ষার তৃতীয় দিন

১১৭ পরীক্ষার্থী ও ১ শিক্ষক বহিষ্কৃত

কাগজ প্রতিবেদক: শান্তিপুর পরিবেশে গতকাল সোমবার এইচএসসি পরীক্ষার তৃতীয় দিন অতিবাহিত হয়েছে। একই সঙ্গে আলিম এবং এইচএসসি (বিএম) পরীক্ষাও অনুষ্ঠিত হয়। বিভিন্ন কিছু ঘটনা ছাড়া শেষ রবর পাওয়া পর্যন্ত গতকাল সারাদেশে ১১৭ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে। দায়িত্বে অবহেলা ও নকলে সহযোগিতার দায়ে কারিগরি বোর্ডের ১

জন শিক্ষক বহিষ্কৃত হয়েছেন। নরসিংদী সরকারি কলেজ কেন্দ্র থেকে পরীক্ষা চলাকালীন কিছু বই ও খাতা উদ্ধার করা হয়েছে। এদিকে কারিগরি বোর্ডের অধীনে অনুষ্ঠিত বিএম পরীক্ষার্থীরা সিলেবাস বহিষ্কৃত প্রশ্ন হওয়ার অভিযোগ করেছেন। ৭টি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে বাংলা

● এরপর-পৃষ্ঠা ৯ কলাম ৪

১১৭ পরীক্ষার্থী ও ১ শিক্ষক বহিষ্কৃত

শবের পাতার পর প্রথমপত্রের পরীক্ষায় সারাদেশে ৫০ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে ঢাকা বোর্ডে ১৩ জন, রাজশাহী বোর্ডে ১৫ জন, কুমিল্লা বোর্ডে ৩ জন, যশোর বোর্ডে ৭ জন, চট্টগ্রাম বোর্ডে ৩ জন, বরিশাল বোর্ডে ৮ জন এবং সিপেট বোর্ডে ১ জন। মাদ্রাসা শিক্ষাবোর্ডের অধীনে অনুষ্ঠিত আলিম (হাদিস, তাফসীর এবং আদব ২য় পত্র) পরীক্ষায় নকলের দায়ে সারাদেশে ১০ জন পরীক্ষার্থীকে বহিষ্কারের খবর জানিয়েছে বোর্ডের কন্ট্রোল রুম। কারিগরি শিক্ষাবোর্ডের অধীনে অনুষ্ঠিত বিএম (বাংলা তৃতীয়) পরীক্ষায় নকলের দায়ে সারাদেশে ৫৭ জন শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। দায়িত্বে অবহেলার দায়ে ১ শিক্ষককে বহিষ্কার করা হয়।

সরকারি কলেজ পরিদর্শন করেন। নরসিংদী সরকারি কলেজ কেন্দ্রের একটি কক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বিএসসি গণিত পরীক্ষা চলছিল। প্রতিমন্ত্রী এ কেন্দ্র থেকে অনেকগুলো গণিতের খাতা ও বইয়ের থেকে একটি বই উদ্ধার করেন। হল গেটে কান্ডো কাছে বই-খাতা পাওয়া গেলে তাকে বহিষ্কারের নির্দেশ থাকার মধ্যে এ কেন্দ্রের পরীক্ষার্থীরা বই, খাতা নিয়েই কেন্দ্রে প্রবেশ করেন। এই অবস্থা দেখে প্রতিমন্ত্রী স্তব্ধ হন এবং কর্তব্যরত প্রশাসনিক কর্মকর্তা ও শিক্ষকদের কাছে জানতে চান তারা কেন এইসব দেখেননি? কিন্তু কেউই সদুত্তর দিতে পারেননি। প্রতিমন্ত্রী কর্তব্যরত শিক্ষক ও প্রশাসনিক কর্মকর্তাদের সতর্ক করে দেন। এ ছাড়া এহছানুল হক মিলন সদা প্রয়াত নরসিংদী সদর আসনের সাংসদ সামসুদ্দিন এছাকের কবর জিয়ারত এবং কেন্দ্রীয় কারাগার পরিদর্শন করেন।

আমরদের বরিশাল প্রতিনিধি জানান, বাংলা প্রথমপত্রের পরীক্ষা নকলের দায়ে বরিশাল বোর্ডের অধীনে অনুষ্ঠিত বিভিন্ন কেন্দ্র থেকে ৭ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এ ছাড়া কারিগরি শিক্ষাবোর্ডের অধীনে অনুষ্ঠিত (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষার্থীরা বাংলা (তৃতীয়) প্রশ্নপত্রের দুটি প্রশ্ন সিলেবাস বহিষ্কৃত হয়েছে বলে শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি বোর্ডসহ সংশ্লিষ্ট দপ্তরে অভিযোগ দাখিল করেছে।

পরীক্ষা কেন্দ্রে শিক্ষা প্রতিমন্ত্রীর কাটকা অভিযান

পরীক্ষা চলাকালীন শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এহছানুল হক মিলন গতকাল নারায়ণগঞ্জের রূপগঞ্জ এবং নরসিংদী জেলার বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন। সকালে ঢাকা থেকে একদল সাংবাদিককে নিয়ে তিনি প্রথমে রূপগঞ্জের সরকারি সফর আদী কলেজে যান। প্রতিমন্ত্রী এবং সাংবাদিকদের গাড়ি কলেজ গেটের সামনে থামতেই একদল তরুণ তড়িঘড়ি করে কেন্দ্রের মধ্য থেকে দৌড়ে বের হয়ে চলে যায়। পরে তিনি কেন্দ্র পরিদর্শন করে কোনো নকল উদ্ধার করতে পারেননি। পরে প্রতিমন্ত্রী ও রূপগঞ্জ থানার এসিলাভ রোকনউদ্দীন মোস্তা পাইলট গার্লস স্কুল এন্ড কলেজ পরিদর্শন করেন। এরপর এহছানুল হক মিলন নরসিংদীর মাধবপুর উচ্চ বালিকা বিদ্যালয় এবং নরসিংদী